

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 18-04-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Waqf:

পরবর্তী শুনানী পর্যন্ত ওয়াকফ (সংশোধন) আইন, ২০২৫-এর অধীনে ওয়াকফ বোর্ড বা কেন্দ্রীয় ওয়াকফ কাউন্সিলে নতুন করে কোনো নিয়োগ করা হবে না; কেন্দ্রীয় সরকারের এই আশ্বাস সুপ্রিম কোর্ট গতকাল নথিভুক্ত করেছে। প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার নেতৃত্বাধীন সুপ্রীম কোর্টের এক বেঞ্চ, "ব্যবহারকারীর দ্বারা ওয়াকফ" হিসাবে শ্রেণীবদ্ধ সম্পত্তি সহ বিদ্যমান ওয়াকফ সম্পত্তির অবস্থা আপাতত অপরিবর্তিত থাকবে, এই আশ্বাসও নথিভুক্ত করেছে। ১৯৯৫ সালের ওয়াকফ আইনের সাম্প্রতিক সংশোধনীর সাংবিধানিক বৈধতা চ্যালেঞ্জ করে ও স্বগিতাদেশ চেয়ে আবেদনের প্রতিক্রিয়া জমা দিতে সুপ্রীম কোর্ট কেন্দ্রীয় সরকারকে নির্দেশ দিয়েছে। পরবর্তী শুনানী হবে আগামি ৫ মে।

CM- Rabindra Bhawan:

প্রদেশ বিজেপির উদ্যোগে গতকাল রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক ওয়াকফ সংশোধনী জনজাগরণ অভিযানের উপর একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব কুমার দেব, বিজেপি রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য, বিজেপির সর্বভারতীয় সম্পাদক অনিল কে এন্টনি প্রমুখ। মুখ্যমন্ত্রী বলেন, ১৯৯৫ সালে তৈরি ওয়াকফ আইনের দুর্বলতার জন্য পিছিয়ে পড়া জনগোষ্ঠীর গরীব মুসলমানরা ক্ষতিগ্রস্ত হয়েছে। একই সাথে ৪০ নম্বর ধারা অপব্যবহার করে বিভিন্ন জায়গা জবরদখল সহ আরো অসংখ্য দুর্নীতির

অভিযোগের নিষ্পত্তি করার লক্ষ্যেই পাশ হয়েছে ওয়াকফ সংশোধনী আইন ২০২৫। সাংসদ বিপ্লব কুমার দেব বলেন, এই আইন গরীব মুসলিমদের জন্য লাভজনক হবে। বিজেপি রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য বলেন, এই আইন কল্যাণকর হিসেবেই প্রমাণিত হবে।

Good Friday:

আজ গুড ফ্রাইডে। এই দিনে প্রভু যিশুকে জুশ বিদ্ধ করা হয়। খ্রিষ্টান ধর্মালম্বিদের মতে একাধারে এটি একটি দুঃখের এবং পবিত্র দিন। রাজ্যের বিভিন্ন গির্জায় ধর্মীয় ভাবাবেগের মধ্যদিয়ে দিনটি পালন করা হচ্ছে।

External Minister:

কৈলাশ মানস সরোবর যাত্রা খুব শীঘ্রই শুরু করার সম্ভাবনা রয়েছে। কেন্দ্রীয় বিদেশ মন্ত্রকের মুখপাত্র রুনবীর জশওয়াল সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে গতকাল জানান বিষয়ে খুব শীঘ্রই বিভিন্ন জারী করা হবে। ভারত চীনের মধ্যে সরাসরি বিমান পরিসেবা পুনরায় চলু করার বিষয়ে শ্রী জশওয়াল জানান দুই দেশ নীতিগত ভাবে এ বিষয়ে সহমত প্রকাশ করেছে। দুদেশের কারিগরী দল এ বিষয়ে খতিয়ে দেখছেন বলেও তিনি জানান।

Union Minister V L Verma:

কেন্দ্রীয় খাদ্য ও গণবন্টন এবং সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী বি এল ভার্মা গতকাল দক্ষিণ জেলার বিলোনিয়া মহকুমার ভারতচন্দ্র নগর ব্লক এলাকার নতুননগর অঙ্গনওয়াড়ী কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শন কালে দক্ষিণ জেলার জেলাশাসক মহম্মদ সাজ্জাদ পি, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তা তপন চন্দ্র দাস প্রমুখ উপস্থিত ছিলেন। কেন্দ্রীয় মন্ত্রী

অঙ্গনওয়ারী কর্মী-সহায়িকা ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সঙ্গে মত বিনিময় করেন এবং দুই জন গর্ভবতী মহিলাকে পোষণ কিট, ফল, পুষ্টিকর খাদ্য তুলে দেন। সরকারী সুবিধা থেকে মা বোনেরা যাতে বঞ্চিত না হন সে ব্যাপারে নজর রাখার জন্য কেন্দ্রীয় প্রতিমন্ত্রী আহ্বান জানান।

TET Coaching:

দক্ষিণ জেলা পরিষদের উদ্যোগে গতকাল থেকে বিলোনিয়ার বিদ্যাপীঠ সুবর্ণ জয়ন্তী হলে শুরু হয়েছে টেট-2 পরীক্ষার্থীদের জন্য তিন দিনের বিশেষ ফ্রি কোর্সিং। উদ্বোধন করেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের সভাপতি দীপক দত্ত। উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুল্লাচরণ নোয়াতিয়া, জেলাশাসক মোঃ সাজ্জাদ পি প্রমুখ।

Awareness camp on child marriage:

পশ্চিম ত্রিপুরা জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে গতকাল দুর্গানগর হাই স্কুলে শিশু বিবাহ আইনের ওপর আইনি সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। আইনি বিষয় নিয়ে শিবিরে আলোচনা করেন জেলা আইনসেবা কর্তৃপক্ষের প্যানাল আইনজীবী মল্লিকা দেবনাথ, অধিকার মিত্র রাজীব কুমার পাল, দুর্গানগর হাইস্কুলের প্রধান শিক্ষিকা সন্ধ্যা দেববর্মা প্রমুখ। আলোচনা শেষে ছাত্রছাত্রীদের সাথে প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়।

Weather:

আজ রাজ্যের পশ্চিম এবং সিপাহীজলা জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ ভারী বর্ষণ সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে

যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। খোয়াই, ধলাই, উনকোটি এবং উত্তর জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতাও জারি করা হয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৪ ডিগ্রি সেলসিয়াস। ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ১২.২ মিলিমিটার।
